

ছাত্র-শিক্ষক সম্পর্ক

07 JUL 1985

শিক্ষক প্রহৃত কিংবা পরিদর্শকের প্রাণহানির হুমকি—এ ধরনের খবর আমাদের দেশে মোটেও বিরল নয়। পরীক্ষা উপলক্ষ্য করে শিক্ষক রা বহুবারই লাঞ্চিত হয়েছেন। লোফনার কারণ, শিক্ষকরা পরীক্ষায় দূনীতি বন্ধ করার প্রয়াস পেয়েছেন।

উল্টোদিকে শিক্ষকরা পরীক্ষায় দূনীতির ব্যাপারে সহায়তা করেছেন এমন দৃষ্টান্তও আছে। দূনীতিতে প্রশ্নে যুগিয়ে ছাত্রদের প্রিয় হয়েছেন কেন কেন শিক্ষক।

এ এক দুঃসহ পরিস্থিতি। ঘটনাক্রমে আমাদের রত্ন সামাজিক অবস্থারই প্রতিফলন। পরীক্ষায় অসদুপায় অবলম্বনকারী ছাত্ররা স্কল, নীতিবোধ, মূল্যবোধ হারিয়েছে—তাদের মোক একখানা সার্টিফিকেট।

প্রতিক্রান্তরে প্রকাশিত এক খবরে বলা হয়েছে, শৈলকুপা এইচ-এসসি পরীক্ষা কেন্দ্রে পরিদর্শককে প্রাণহানির হুমকি দেয়ার পুলিশ একজন ছাত্রকে গ্রেফতার করেছে। শিক্ষালয়ের ব্যাপার থানা পুলিশ পর্যন্ত গড়িয়েছে।

অথচ ছাত্র-শিক্ষক সম্পর্কের ওপর শিক্ষা নির্ভরশীল। গতকাল ঢাকায় অনুষ্ঠিত এক সেমিনারে বুদ্ধিজীবীরা বলেছেন, শিক্ষার পরিবেশ বজায় রাখতে ছাত্র-শিক্ষক নিবিড় সম্পর্ক প্রয়োজন। এ কথার সত্যতা সম্পর্কে সন্দেহ নেই। কিন্তু আর্থ-সামাজিক পরিবেশ সব কিছুরই কলুষিত করে তুলেছে।

তবুও আশা করব, ছাত্র ও শিক্ষক সমাজ উদ্যোগী হবেন, নিজেদের মধ্যে ভাল সম্পর্ক বজায় রাখবেন। তারাই সমাজের অগ্রগামী অংশ। তারাই আশা-ভরসা। মর্নিটমের দুঃস্বভাবকারীকে সংখ্যাগরিষ্ঠ সং মানুষ নিশ্চয়ই প্রতিহত করতে সক্ষম।